



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩৭৬


তারিখ : ১১/৬/২০১৭ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের উপজেলা পর্যায়ের কার্যক্রম দ্রুততর ও গতিশীল করতে সহকারী পল্লী উন্নয়ন অফিসারগণের অনুকূলে প্রকল্প হতে মটর সাইকেল সরবরাহসহ নিয়মিত জ্বালানী ও আনুসঙ্গিক বরাদ্দ প্রদান করা হচ্ছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে কোন কোন উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন অফিসার সরবরাহকৃত মটর সাইকেল ব্যবহার করছেন না। এতে প্রকল্পের মটর সাইকেলটি দীর্ঘ দিন অব্যবহৃত থাকায় মটর যন্ত্রাংশ নষ্ট হয়ে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ছে। এমতাবস্থায়, যে সকল উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন অফিসারগণ মটর সাইকেল ব্যবহার করেন না তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে মটর সাইকেল চালানো শিখে উহা ব্যবহার করতে বলা হলো। প্রয়োজনে বরাদ্দকৃত জ্বালানী দ্বারা উপজেলায় কর্মরত প্রকল্পের কর্মচারীগণের মাধ্যমে মটর সাইকেলটির ব্যবহার নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া যে সকল মটর সাইকেল প্রতি লিটার অকটেনে ৩০ (ত্রিশ) কিলোমিটার এর কম চলে সে সকল মটর সাইকেলের কার্বুরেটর আবশ্যিক ভাবে পরিবর্তন করতে হবে।

২। প্রকল্প হতে সরবরাহকৃত মটর সাইকেলটি ব্যবহার না করার কারণে মটর যন্ত্রাংশ নষ্ট হয়ে ব্যবহার অনুপযোগী/ অকেজো হলে সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন অফিসার ব্যক্তিগত ভাবে দায়ী হবেন।

৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

- ১) উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
- ২) প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা..... জেলা.....।
- ৪) সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা..... জেলা.....।
- ৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬) পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী বিআরডিবি, ঢাকা।
- ৭) হিসাব সহকারী/ মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলা..... জেলা.....।
- ৮) অফিস কপি/গার্ড ফাইল।